

প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭
www.srdl.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৫১২

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩০

২৩ মে ২০২৩

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

সূত্র: ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে ১৬/০৫/২০২৩ তারিখে সম্পাদিত চুক্তিপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প” তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের একটি ফ্লাগশিপ প্রকল্প। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রকল্পটি বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪০০১টি ও ২য় পর্যায়ে ৫০০০টিসহ মোট ৯০০১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ৩০০টি সংসদীয় আসনে ৩০০টি “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণটি শুরু হবে। ইতোমধ্যে ৯টি ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রত্যেক ভেন্ডর প্রতিষ্ঠান প্রতি ব্যাচে ২০ জন হিসেবে গড়ে ২০০টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করবে। প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত প্রশিক্ষার্থী শিক্ষকের তথ্য এ সংক্রান্ত তৈরীকৃত সফটওয়্যারে এন্ট্রি সম্পন্ন হয়েছে। উপজেলা সদর/নিকটবর্তী সুবিধাজনক শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

০২। জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণকে তদারকী ও সমন্বয়ের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয়/ জেলা /উপজেলা শিক্ষা বিভাগের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান/ভেন্যু প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অনুরোধ করে পত্র দেয়া হয়েছে। জেলা/উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় নিয়মিত আলোচনা ও পর্যালোচনা করে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করলে গুরুত্বপূর্ণ এ প্রশিক্ষণটি সুষ্ঠুভাবে আয়োজন করা সহজ হবে।

০৩। এমতাবস্থায়, জেলা/উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় নিয়মিত আলোচনা ও পর্যালোচনা করে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকলকে বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজন ও সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৩-৫-২০২৩

এস এ এম রফিকুল্লাহ

অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) তথ্য ও
যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, শেখ
রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

জেলা প্রশাসক (সকল)

ও

সভাপতি, জেলা আইসিটি বিষয়ক কমিটি।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৩) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
- ৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম।
- ৬) উপ প্রকল্প পরিচালক (সাধারণ), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)।
- ৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
- ৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১১) উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)।
- ১২) জেলা শিক্ষা অফিসার(সকল)।
- ১৩) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়....., তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ১৫) টিম লিডার, পরামর্শক প্রতিষ্ঠান ডিডিসি এন্ড এমসিসি লিমিটেড (শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলছে কিনা এবং সকল নিয়মকানুন মেনে হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রদান করার অনুরোধসহ)
- ১৬) সহকারী প্রোগ্রামার(সকল), উপজেলা কার্যালয়....., জেলা..... তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ১৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)।
- ১৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট,কলেজ/ বিদ্যালয়/ মাদ্রাসা/.....।

২৩-৫-২০২৩

এস এ এম রফিকুল্লাহী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)